



ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞপ্তি

২০২৪ সালের ১৫ জুলাই থেকে ৫ আগস্ট ২০২৪ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত বেআইনি ও সহিংস ঘটনার সত্যানুসন্ধান করে জড়িতদের চিহ্নিত করে প্রশাসনিক ব্যবস্থার আওতায় নিয়ে আসার জন্য মাননীয় উপাচার্য (০৮.১০.২০২৪; সূত্র: রেজি: ২৪২০৬-১২, তারিখ: ১৪.১০.২০২৪) একটি তথ্যানুসন্ধান কমিটি গঠন করেছেন।

উক্ত কমিটির সত্যানুসন্ধান কার্যক্রমে আপনি যেভাবে সহযোগিতা করতে পারেন:

১. আপনি যদি উক্ত সময়ে সংঘটিত সহিংস ঘটনার ভুক্তভোগী/প্রত্যক্ষদর্শী হয়ে থাকেন এবং সহিংসতায় জড়িত কাউকে চিহ্নিত করতে পারেন তাহলে আপনি সত্যানুসন্ধান কমিটির সামনে উপস্থিত হয়ে আপনার বক্তব্য প্রদান করতে পারেন।
২. আপনার কাছে যদি সহিংস ঘটনার কোন ছবি, ভিডিও, ওয়েবলিংক, ইলেকট্রনিক-প্রিন্ট-সোশাল মিডিয়া কন্টেন্ট থাকে সেসব তদন্ত কমিটির কাছে প্রেরণ করতে পারেন। ভিডিওর সাইজ বড় হলে সেগুলো অনলাইন কোন ড্রাইভে আপলোড করে লিংক প্রেরণ করতে পারেন। আপনার প্রেরিত তথ্যের উপর ভিত্তি করে আপনাকে কমিটির সামনে উপস্থিত হয়ে বক্তব্য প্রদানের অনুরোধ করা হতে পারে।
৩. আপনি যদি উক্ত সহিংস ঘটনায় আহত হয়ে থাকেন সে সম্পর্কিত তথ্য (আঘাতের ধরণ, আহত হওয়ার স্থান ও সময়) প্রেরণ করুন। আপনার চিকিৎসা সম্পর্কিত কোন কাগজপত্র থেকে থাকলে সেগুলোও প্রেরণ করুন।

উপরিউক্ত প্রতিটি ক্ষেত্রে নিম্নবর্ণিত তথ্যসহ ২০ নভেম্বর ২০২৪ এর মধ্যে যোগাযোগ করুন:

- শিক্ষার্থীর ক্ষেত্রে: নাম, রেজিস্ট্রেশন নম্বর, ক্লাস রোল, বিভাগ, হল, মোবাইল ফোন নম্বর, ইমেইল এড্রেস।
- শিক্ষক/কর্মকর্তা/কর্মচারির ক্ষেত্রে: নাম, পদবি, বিভাগ/দপ্তর, মোবাইল ফোন নম্বর, ইমেইল এড্রেস।

যোগাযোগ: ইমেইল: inquiry@du.ac.bd; হোয়াটসঅ্যাপ: +880 1878-258463

প্রতিটি যোগাযোগের ক্ষেত্রে আপনার নাম-পরিচয় গোপন রাখা হবে।

সত্যানুসন্ধানে আপনাদের সহযোগিতা কাম্য।

all teachers, student
— Khan
19.11.24

Sujan

কাজী মাহফুজুল হক সুপণ
আহ্বায়ক, তদন্ত কমিটি
সহযোগী অধ্যাপক, আইন বিভাগ

অধ্যাপক ড. জাফর আহমেদ খান
চেয়ারম্যান
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়